
সাপ্তাহিক পুস্তিকা: ৪১৭
WEEKLY BOOKLET:417



# ইমাম আহমদ রযা খান رَحْمَةُ اللهِ عَلَيْه এর ২৫টি বাণী

## একজন আশেকের কলম থেকে




শায়খে তরীকত, আমীরে আহলে সুন্নাত,
দা'ওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরত আল্লামা মাওলানা আবু বিলাল
মুহাম্মাদ ইলইয়াস আত্তার কাদেরী রযবী

نَحۡمَدُہٗ وَنُصَلِّیۡ وَنُسَلِّمُ عَلٰی خَاتَمِ النَّبِیّٖنَ ط

## আগে এটি পড়ুন!

আল্লাহ পাক যখন তাঁর কোনো নেক ও মকবুল বান্দাকে নিজের নৈকট্যের সম্মান দান করেন, তখন তাকে নিজের "ওলী" বানিয়ে নেন। আউলিয়ায়ে কেরাম رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِمۡ এর অনুসরণ করা অর্থাৎ তাঁদের দেখানো পথে চলাই হলো "জান্নাতের পথ"। কারণ আউলিয়ায়ে কেরাম رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِمۡ নিজেদের চেয়ে উপরের স্তরের বুযুর্গানে দ্বীন, তাবেঈন ও সাহাবায়ে কেরাম رَضِیَ اللّٰہُ عَنۡہُمۡ দেরকে (আদর্শ) বানিয়ে তাঁদেরকে অনুসরণ করেন (অর্থাৎ তাঁদের পথে চলেন)। নিঃসন্দেহে সাহাবায়ে কেরাম رَضِیَ اللّٰہُ عَنۡہُمۡ এর অনুসরণ আমাদের জন্য দুনিয়া ও আখেরাতের সফলতার চাবিকাঠি। ইমামে আহলে সুন্নাত, আ'লা হযরত ইমাম আহমদ রযা খান رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ ১৪তম শতাব্দীর এক মহান ইলমি ও রূহানী ব্যক্তিত্ব, যুগের মুজাদ্দিদ এবং তাঁর সময়ের "মুফতীয়ে আ'যম" ছিলেন। তিনি رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ শত শত কিতাব লিখেছেন এবং হাজার হাজার ফতোয়া নিজের কলমে জারি করেছেন। আ'লা হযরত رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ একজন শ্রেষ্ঠ মুফাসসিরে কুরআন,অসাধারণ হাদিস ব্যাখ্যাকারী এবং মুজতাহিদ ফিল মাসায়েল এর মর্যাদার অধিকারী ছিলেন। প্রায় একশ বছর পার হওয়ার পরও আজও লক্ষ লক্ষ আশিকানে

রাসূল তাঁর লেখনী থেকে ফয়েয হাসিল করছেন। এই যুগে আ'লা হযরত رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ এর শিক্ষার (যা শতভাগ কুরআন ও সুন্নাহ সম্মত) উপর সত্যিকার অর্থে আমল করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে, নতুবা "সঠিক পথ থেকে বিচ্যুত হতে দেরি লাগবে না।

সৈয়্যেদি মুর্শিদী,আমীরে আহলে সুন্নাত হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলিয়াস আত্তার কাদেরী دَامَتۡ بَرَکَاتُھُمُ الۡعَالِیَہ সত্যিকারের আশেকে আ'লা হযরত। তাঁর এমন কোনো বয়ান বা কিতাব হয়তো নেই যেখানে "যিকরে রযা" নেই, বরং তিনি নিজের জীবনে সর্বপ্রথম যে পুস্তিকাটি লিখেছেন তার নাম "তাযকেরায়ে ইমাম আহমদ রযা"। আমীরে আহলে সুন্নাত নিজের অনুসারী ও ভক্তদের, বরং প্রত্যেক আশেকে রাসূলকে আ'লা হযরত رَحۡمَۃُاللّٰہِ عَلَیۡہِ এর দেখানো পথে চলার জন্য উৎসাহিত করেন।

২৫ সফর শরীফ, উরসে আ'লা হযরত উপলক্ষে আশিকানে রযার জন্য আশেকে আ'লা হযরতের কলম থেকে "আ'লা হযরতের বাণী, দ্বীনি মাসায়েল এবং ইশকে রাসূলে পরিপূর্ণ" ইমাম আহমদ রযার ফরমান পেশ করা হচ্ছে, যার গুরুত্ব পড়ার পরেই বোঝা যাবে। ইংরেজি ভাষাভাষীদের জন্য প্রতিটি পৃষ্ঠায় মাদানী ফুলের ইংরেজি অনুবাদও রয়েছে। অর্থাৎ এই পুস্তিকাটি উর্দু এবং ইংরেজি জানা ব্যক্তিদের জন্য একটি শ্রেষ্ঠ উপহার। এই পুস্তিকাটি অবশ্যই পড়ুন এবং সাওয়াবের বিশাল ভান্ডার অর্জনের জন্য

অন্যদের সাথে শেয়ার করার পাশাপাশি ক্রয় করে বিতরণও করুন। আপনার দেওয়া পুস্তিকা থেকে কেউ কোনো ভালো কথা শিখলে এবং তার উপর আমল শুরু করলে, আপনার মৃত্যুর পরেও আপনি তার সাওয়াব পেতে থাকবেন।

আ'লা হযরত رَحْمَةُ اللهِ عَلَيْه এর ব্যাপারে মাকতাবাতুল মদীনা থেকে প্রকাশিত কিছু পুস্তিকার নাম এবং কোড দেওয়া হলো। এগুলো পড়াও জ্ঞানে বৃদ্ধি ঘটাবে।

**তাযকেরায়ে ইমাম আহমদ রযা** | **শানে ইমাম আহমদ রযা** | **ইরশাদাতে ইমাম আহমদ রযা**

وَالسَّلَامُ مَعَ الْاِكْرَام

মদীনা ও বাকী'র প্রেম এবং বিনা হিসাবে মাগফিরাতের প্রার্থনাকারী,

**আবু মুহাম্মদ তাহির আত্তারী মাদানী** عُفِيَ عَنْهُ

বিভাগ: সাপ্তাহিক পুস্তিকা অধ্যায়ন

২০ যিলহজ্জ শরীফ ১৪৪৬ হিজরি মোতাবেক ১৭ জুন ২০২৫

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَاتَمِ النَّبِيّٖنَ ط
اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ط بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ط

# ইমাম আহমদ রযা খান رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ এর ২৫টি বাণী একজন আশেকের কলম থেকে

**আমীরে আহলে সুন্নাতের খলীফার দু'আ:** ইয়া আল্লাহ পাক! যে বা যারা এই পুস্তিকা **"ইমাম আহমদ রযা খান** رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ **এর ২৫টি বাণী একজন আশেকের কলম থেকে"** পড়বে বা শুনবে, তাকে মাসলাকে আ'লা হযরতের উপর অবিচলতা দান করুন, তাকে ঈমানের সাথে মৃত্যু নসীব করুন এবং তাকে তার মাতা-পিতাসহ বিনা হিসাবে ক্ষমা করে দিন।

اٰمِين بِجاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

## ১. বরকতপূর্ণ বস্তুসমূহ

নবী صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর স্মৃতিচিহ্ন ও বরকতপূর্ণ বস্তুসমূহের প্রতি সম্মান প্রদর্শন করা প্রত্যেক মুসলমানের মহান দ্বীনি কর্তব্য।

**(ফাতাওয়া রযভিয়্যাহ, ২১/৪১৪)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد

## ২. যমীনে দস্তরখান

আমাদের প্রিয় আক্বা صَلَّى اللهُ عَلَيۡهِ وَاٰلِهٖ وَسَلَّم এর অভ্যাস ছিলো যমীনে দস্তরখান বিছিয়ে খাবার গ্রহণ করা, আর এটাই সর্বোত্তম।

**(ফাতাওয়া রযভিয়্যাহ, ২১/৬২৯)**

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ৩. জান্নাতীদের কাতারসমূহ

জান্নাতীদের একশত বিশ (১২০)টি কাতার হবে। যার মধ্যে মহামহিম আল্লাহর অনুগ্রহে আশি (৮০)টি কাতার হবে আমাদের সর্বশেষ নবী صَلَّى اللهُ عَلَيۡهِ وَاٰلِهٖ وَسَلَّم এর উম্মতের এবং চল্লিশ (৪০)টি কাতার থাকবে বাকি সকল উম্মতদের। **(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ১৫, পৃষ্ঠা ৬৪৯)**

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ৪. নকশে না'লে পাকের বরকত

যার কাছে নকশে না'লে পাক থাকবে, সে রওযায়ে রাসূলের দিদার লাভ করবে অথবা মুস্তফা صَلَّى اللهُ عَلَيۡهِ وَاٰلِهٖ وَسَلَّم এর দিদার লাভ করবে। যে সম্পদে এই নকশা থাকবে, তা চুরি হবে না। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ২১/৪১৩)**

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد







## ৫. সাহাবীর সমালোচনা করা হারাম

আহলে সুন্নাতের আকিদা অনুসারে, সমস্ত সাহাবায়ে কেরাম رَضِیَ اللّٰهُ عَنْهُمْ এর প্রতি সম্মান প্রদর্শন করা ফরয এবং তাঁদের মধ্যে কারো প্রতি দোষারোপ করা (অর্থাৎ দোষ খোঁজা, মন্দ কথা বলা) হারাম।

**(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ২৯, পৃষ্ঠা ২২৭, সারসংক্ষেপ)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ৬. সাহাবীদের প্রতি ভালোবাসা

হে প্রেমিক! অন্তরকে সাহাবায়ে কেরাম عَلَيْهِمُ الرِّضْوَان এর ভালোবাসা দ্বারা পরিপূর্ণ করে নেওয়া ফরয। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ২৭/২০৪)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ৭. দোয়া কবুলের একটি স্থান

খাজা গরীব নওয়ায رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর মাযার শরীফে দোয়া কবুল হয়।

**(ফজাইলে দোয়া, পৃষ্ঠা ১৩৮)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ৮. বরকত হাসিল করার জন্য

বরকতওয়ালা ব্যক্তিদের সাথে যে জিনিসেরই সম্পর্ক জুড়ে যায়, তাতে বরকত এসে যায়। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ৯/৬১৪)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## ৯. আল্লাহওয়ালাদের কাছে মাগফিরাতের দু'আ করানো

আমি কখনো কোনো বুযুর্গের কাছে, আল্লাহর শুকরিয়ায়, দুনিয়াবী কোনো প্রয়োজন নিয়ে যাইনি। যখনই গিয়েছি, এই খেয়ালে গিয়েছি যে, তাঁদের দ্বারা মাগফিরাতের দু'আ করাবো। **(মালফুযাতে আ'লা হযরত, পৃষ্ঠা ৪৯০)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## ১০. শরীয়তের প্রয়োজনীয়তা

প্রত্যেক মুসলমানের জন্য শরীয়তের প্রয়োজনীয়তা প্রতিটি শ্বাসে, প্রতিটি পলকে, প্রতিটি মুহূর্তে, মৃত্যু পর্যন্ত রয়েছে। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ২১/৫২৭)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## ১১. নামাযের মাসায়েল

নামাযের প্রয়োজনীয় মাসায়েল না জানা ফিসক (বড় গুনাহ)।

(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ৬, পৃষ্ঠা ৫২৩)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ১২. মুখে দুর্গন্ধ

মুখে দুর্গন্ধ থাকা অবস্থায় (ঘরে পড়া) নামাযও মাকরূহ এবং এমন অবস্থায় মসজিদে যাওয়া হারাম, যতক্ষণ না মুখ পরিষ্কার করা হয়। অন্য নামাযীকে কষ্ট দেওয়া হারাম, আর যদি অন্য কোনো নামাযী নাও থাকে, তবুও ফেরেশতাদের কষ্ট হয়। (ফাতাওয়া রযভিয়্যাহ, ৭/৩৮৪)

## ১৩. এক ওয়াক্ত নামায ছাড়ার আযাব

যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে এক ওয়াক্তের নামায ছাড়ল, সে হাজার হাজার বছর জাহান্নামে থাকার যোগ্য হলো। (ফাতাওয়া রযভিয়্যাহ, ৯/১৫৮)

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ❁❁❁ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ১৪. ছবির ঘোড়া

(বেনামাযী) এমন মুসলমান, যেমন ছবির ঘোড়া; আকৃতি ঘোড়ার মতো, কিন্তু কোনো কাজের নয়। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ২৩/৯৯)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❀❀❀ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## ১৫. আ'লা হযরত এবং জামা'আতে নামায

আমাকে অনেক বড় বড় সফর করতে হয়েছে এবং আল্লাহর ফজলে পাঁচ ওয়াক্ত নামায জামা'আতের সাথে পড়েছি।

**(মালফুযাতে আ'লা হযরত, পৃষ্ঠা ৭৫)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❀❀❀ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## ১৬. যিকরুল্লাহর মধ্যে কী কী অন্তর্ভুক্ত?

মৃত্যুর যিকর, কবরের যিকর, আখেরাতের যিকর এবং আম্বিয়া (عَلَيۡهِمُ السَّلَام) ও আউলিয়া (رَحۡمَةُ اللهِ عَلَيۡهِمۡ اَجۡمَعِيۡن) এর যিকর- সবই আল্লাহর যিকরের অন্তর্ভুক্ত। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ৯/১৫৬)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❀❀❀ صَلَّی اللهُ عَلٰی مُحَمَّد

## ১৭. ভালো ধারণা রাখা ওয়াজিব

মুসলমানের অবস্থা সম্পর্কে যথাসম্ভব ভালো (অর্থাৎ উত্তম) ধারণা পোষণ করা ওয়াজিব। **(মালফুযাতে আ'লা হযরত, পৃষ্ঠা ১১৪)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## ১৮. মুসলমানদের উপকার করা

মুসলমানদের উপকার করলে আল্লাহ পাক খুশি হন এবং তাঁর রহমত পাওয়া যায়, আর তাঁর রহমত উভয় জাহানের কাজ সহজ করে দেয়। **(ফাতাওয়া রযভিয়্যাহ, ৯/৬২১ সহজকৃত)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## ১৯. ঈদের মোবারকবাদ কোন শব্দে দেবেন?

ঈদের দিন এই শব্দগুলোতে মোবারকবাদ দেওয়া মুস্তাহাব: " تَقَبَّلَ اللّٰہُ مِنَّا وَمِنۡکُمۡ " অর্থাৎ: "আল্লাহ পাক আমাদের এবং আপনার আমলগুলো কবুল করুন।" **(ফাতাওয়া রযভিয়্যাহ, ৮/৬৩১ থেকে গৃহীত)**

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ❁❁❁ صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## ২০. বানর নাচানো হারাম

নাজায়েয বিষয়ের তামাশা দেখাও নাজায়েয। বানর নাচানো হারাম, এর তামাশা দেখাও হারাম। **(মালফুযাতে আ'লা হযরত, পৃষ্ঠা ২৮৬)**

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ۞۞۞ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ২১. এদিক-ওদিক তাকানো

অস্থির দৃষ্টি (অর্থাৎ বিনা প্রয়োজনে এদিক-ওদিক তাকানো) এবং উদ্দেশ্যহীন ঘোরাফেরা বঞ্চনার কারণ। **(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ২১, পৃষ্ঠা ৪৭৫)**

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ۞۞۞ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ২২. ভূমিকম্পের কারণ

ভূমিকম্প আসার আসল (resion) কারণ হলো মানুষের গুনাহ বা পাপকর্ম। **(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ২৭, পৃষ্ঠা ৯৩, সারসংক্ষেপ)**

صَلُّوۡا عَلَى الۡحَبِيۡب ۞۞۞ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ২৩. হারাম সম্পদ

হারাম সম্পদ গ্রহণযোগ্য নয়, না তা আল্লাহর রাস্তায় ব্যয় করা (অর্থাৎ খরচ করা) জায়েয, না এতে কোনো সওয়াব আছে, বরং এটি খাঁটি বিপদ। **(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ২১, পৃষ্ঠা ১০৫)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ২৪. অসৎ সঙ্গ

অসৎ লোকদের (অর্থাৎ খারাপ মানুষদের) সাথে বসার কারণে মানুষ ক্ষতিগ্রস্ত হয়। **(ফতোওয়া-ই-রযভীয়া, খণ্ড ৬, পৃষ্ঠা ৫২৩)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

## ২৫. ৪ বছর বয়সে কুরআন মাজীদ

ইমাম আহমদ রযা খান رَحْمَةُ اللهِ عَلَيْه প্রায় ৪ বছর বয়সে নাযেরা (দেখে কুরআন পড়া) খতম করেন। **(হায়াতে আ'লা হযরত, পৃষ্ঠা ১/৭১)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب ❀❀❀ صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

# আ'লা হযরতের জন্মোৎসব মোবারক

**আ'লা হযরতের জন্মোৎসব ১০ শাওয়ালুল মুকাররম-এ অনুষ্ঠিত হয়।**

খাইফে কিবরিয়া (خائفِ کبریا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

আশিকে মুস্তফা (عاشقِ مصطفیٰ)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

সুন্নিয়ো কে পেশওয়া (سنّیوں کے پیشوا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

রাহবারো ও রেহনুমা (رہبر و رہنما)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

সূফীয়ে বা সফা (صوفیِ باصفا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

সাহিবে ইত্তিকা (صاحبِ اِتّقا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

খুবরো ও খুশ আদা (خوبرو خوش ادا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)


দিলবরো ও দিলরুবা (دِلبر و دلربا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

আশিকে আউলিয়া (عاشقِ اولیا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

যিনতে আতকিয়া (زینتِ اتقیا)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

আলীমে বা আমল (عالِم با عمل)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)

মুফতিয়ে বেবাদল (مفتیِ بے بدل)- হেঁ রযা হেঁ রযা (ہیں رضا ہیں رضا)





## মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাতাহ্ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশারীপট্টি, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

পুরাতন বাবুপাড়া ফয়যানে শাহজালাল মসজিদ নিয়ামতপুর, সৈয়দপুর, নীলফামারী। মোবাইল: ০১৮৭৬৮৪৫০৩৪

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net